

টাউনসভিলে বাংলাদেশি কমিউনিটির প্রাণবন্ত মিলনমেলা

- A Monitor Desk Report

Date: 07 April, 2025



ঢাকাঃ অস্ট্রেলিয়ার টাউনসভিলের ডগলাসে শনিবার (৫ এপ্রিল) মনোরম রিভারসাইড গার্ডেনস কমিউনিটি সেন্টারে বাংলাদেশি কমিউনিটির ঈদুল ফিতর পরবর্তী এক প্রাণবন্ত মিলনমেলা অনুষ্ঠিত হয়।

টাউনসভিল বাংলাদেশি কমিউনিটি ইনক (টিবিসি) এর আয়োজনে অনুষ্ঠিত এই উৎসবে প্রবাসী বাংলাদেশিরা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। সবাই ঘরে তৈরি নানা রকম সুস্বাদু খাবার, ঐতিহ্যবাহী পিঠা-পায়েস ও মুখরোচক মিষ্টান্ন সাথে করে নিয়ে এসে অপরের সঙ্গে ভাগাভাগি করে খান। এই মিলনমেলায় ছিল হাসি-আনন্দ ও একে অপরের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময়ের উষ্ণ পরিবেশ। খেলাধুলা ও নানা আনন্দে মেতে ছিল, আর বড়রা গল্পে ও খাবারে ব্যস্ত ছিলেন।

অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা এত সুন্দর ও সুশৃঙ্খল আয়োজনের জন্য আয়োজক সংগঠন টিবিসিকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন, এমন আয়োজন শুধু আনন্দই নয়, একে অপরের সঙ্গে সম্পর্ক দৃঢ় করে, পাশাপাশি প্রবাসে আমাদের সংস্কৃতি ধরে রাখতে সাহায্য করে।

অনুষ্ঠান শেষে কমিউনিটির সদস্যরা আশা প্রকাশ করেন যেন ভবিষ্যতেও এ ধরনের আরও সামাজিক ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন অব্যাহত থাকবে।

-B